

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd


নং- ০৫.০০.০০০০.১০২.০৬.০০৩.১৪-৪২

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: গোপনীয় অনুবেদন সিআর অধিশাখা/ডোসিয়ার সংরক্ষণকারীর নিকট যথাসময়ে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণ ও সিনিয়র সচিব/সচিবগণ কর্তৃক প্রতিস্বাক্ষরিত এসিআরসমূহ সিআর অধিশাখা/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট বিলম্বে পৌছাচ্ছে। ফলশ্রুতিতে সিআর অধিশাখা/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ এসব এসিআরসমূহ ব্যবস্থাপনার ক্ষেত্রে জটিলতার সম্মুখীন হচ্ছে এবং অনেক এসিআর বাতিল হচ্ছে। এক্ষেত্রে সিআর অধিশাখার নিকট প্রতীয়মান হচ্ছে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ এর ২.৬.৫ নং অনুচ্ছেদ প্রতিপালনের ক্ষেত্রে একান্ত সচিবগণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অপরদিকে আরও লক্ষ্য করা যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণ ও সিনিয়র সচিব/সচিবগণের একান্ত সচিবদের মধ্যে কেউ কেউ তাঁদের নিজ এসিআর নিজেই অগ্রায়ন করছেন যা গোপনীয় অনুবেদন অনুশাসনমালা অনুযায়ী যথাযথ নয়।

এমতাবস্থায়, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণ ও সিনিয়র সচিব/সচিবগণ কর্তৃক অনুস্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত এসিআরসমূহ যথাসময়ে সিআর অধিশাখা/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণে সক্রিয় ভূমিকা নেওয়ার জন্য এবং একান্ত সচিবগণের এসিআর নিজে অগ্রায়ন না করে প্রতিস্বাক্ষরকারী/সংশ্লিষ্ট মন্ত্রণালয় কিংবা বিভাগের প্রশাসন শাখার কর্মকর্তার স্বাক্ষরে অগ্রায়ন করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ তোফায়েজ হোসেন)
অতিরিক্ত সচিব (সিআর)
ফোন- ৫৫১০০৭৪৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি ও কার্যার্থে)

১. মাননীয় স্পীকার মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সিনিয়র সচিব/ সচিবগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. রেস্তুর মহোদয়ের একান্ত সচিব, বিপিএটিসি, সাতার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনারগণের একান্ত সচিব (সকল).....।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।